

বাংলা দ্বিতীয় পত্র

১. (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যে কোন পাঁচটি নিয়ম লেখ। ৫
অথবা, (খ) উচ্চারণ লেখ: (যে কোনো ৫টি)
তীব্র, স্মরণীয়, নিঃশেষ, আমসত্ত্ব, গ্রহ, ব্রাহ্ম, লক্ষণ, সহ্য।
২. (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা অ-তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫
অথবা, (খ) যেকোনো ৫টি শব্দের বানান শুদ্ধ কর:
ক্ষীনজিবী, দূরদর্শীতা, কীত্তিবাস, নূন্যতম, লজ্জাস্কর, দূরাবস্থা, ত্রিতকার্য, শিরোচ্ছেদ।
৩. (ক) যোজক কাকে বলে? যোজক শব্দের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫
অথবা, (খ) নিম্নরেখ শব্দের পদ নির্দেশ কর :
চাকরি করে অন্যায় পয়সায় ধনী হবার লোভ রাখ? তোমার চেয়ে মুদি ভালো। মুদির পয়সা পবিত্র। অনেক যুবক থাকতে পার, যারা মনে করেন কোনোরকম একটা চাকরি সংগ্রহ করে সমাজের ভেতরে আসন প্রতিষ্ঠা করতে পারলেই হলো। চুরির সাহায্যেই হোক বা অসৎ উপায় অবলম্বন করেই হোক, ক্ষতি নেই।
৪. (ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর: (যে কোনো ৫টি) ৫
মধ্যবয়সী, জলেস্থলে, চতুর্ভুজ, বর্ণচোরা, যৌবনসূর্য, দেশান্তর, উপকাহিনী, চিরসুখী।
অথবা, (খ) নামসহ প্রকৃতি-প্রত্যয় নির্ণয় কর: (যে কোনো ৫টি)
ভাবুক, রোগাটে, ত্যাজ্য, দাঁতাল, ঐহিক, কাব্য, বৃষ্টি, ক্রেতা।
৫. (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫
অথবা, (খ) নির্দেশানুসারে বাক্যান্তর কর: (যে কোনো ৫টি)
i. আরও কথা আছে। (নেতিবাচক)
ii. তারা দু'জনে আড়ি পেতে থাকার কারণে চোর ধরা পড়েছে। (যৌগিক)
iii. একলা যেতে ভয় করবে না তো? (নেতিবাচক)

- iv. তুমি অধম তাই বলে আমি উত্তম হব না কেন? (সরল)
- v. ভুল সকলেই করে। (প্রশ্নবাচক)
- vi. নতুন ধানে হোক নবান্ন। (নির্দেশক)
- vii. কত পাপ করেছি। (বিস্ময়)
- viii. তোর নাম কী? (অনুজ্ঞা)

৬. (ক) যেকোনো ৫টি বাক্য শুদ্ধ করে লেখ: ৫

- i. পুলিশ কর্তৃক চোরটি ধরা হলো।
- ii. বিবিধ প্রকার দ্রব্য কিনলাম।
- iii. ইদানিং কালে অনেক মহিলাই ববকাট করেন।
- iv. এতে আশ্চর্য হলাম।
- v. আপনি আমার স্বপক্ষে না বিপক্ষে?
- vi. নদীর জল হ্রাস হয়েছে।
- vii. যুক্তি খন্ডিত হয়েছে, তবে মুক্তি মেলেনি।
- viii. গৃহস্তের খেয়ে বনের মোষ তাড়াতে পারবো না।
- ix. আরণ্য জনপদে একটি চমৎকার পুস্তক।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর:

শ্রদ্ধেয় ডক্টর দীনেশচন্দ্র সেন মৈমনসিংহ গীতিকা সংগ্রহ করে দেখিয়েছেন সাহিত্যের কী এক অমূল্য খনি পল্লীজনীনর বুকের কোণে লুকিয়ে আছে। সুদূর পশ্চিমের সাহিত্য রসিক রুমা রোলা পর্যন্তা ময়মনসিংহের মদিনা বিবির সৌন্দর্যে মুগ্ধ হয়েছেন। মনসুর বয়াতির মতো আরও কত পল্লিকবি শহুরে চক্ষুর আগোচরে পল্লিতে আত্মগোপন করে আছেন, কে তাদের সাহিত্যের মজলিসে এনে জগতের সঙ্গে চেতনা-শোনা করিয়ে দেবে?

৭. (ক) যেকোনো ১০টি শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ: ১০
Surplus, Gunner, Horoscope, Copyright, Year book, Chief, Whip, Dual, Terminology, Marketing, Home ministry, Encyclopedia, Attestation, Ballot paper, Civil war.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর:

Out total environment influences out life' and our way of living. The main elements of our human environment are men, animals, plants, soil, air and water. There are relationships among these elements. When these relationships are disturbed life become difficult or impossible.

৮. (ক) পিকনিক থেকে ফিরে এসে ঐ দিনের বর্ণনা করে একটি দিনলিপি রচনা কর। ১০
অথবা, (খ) ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় ত্রাণ বিতরণ অবস্থার উপর একটি প্রতিবেদন রচনা কর।
৯. (ক) বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বন্ধুর নিকট প্রেরণের জন্য একটি ক্ষুদেবর্তা তৈরি কর। ১০
অথবা, (খ) ডাকযোগে বই প্রেরণের অনুরোধ জানিয়ে একটি প্রকাশনা কেন্দ্রের ম্যানেজার বরাবর একটি পত্র লেখ।
১০. (ক) ভাব-সম্প্রসারণ কর: ১০
দাও ফিরে সে অরণ্য, লও এ নরগর।
অথবা, (খ) সারমর্ম লেখ:
হে মহাজীবন, আর এ কাব্য নয়
এবার কঠিন, কঠোর গদ্যে আনো,
পদ-লালিত্য-ঝঙ্কার মুছে যাক,
গদ্যের কড়া হাতুড়িকে আজ হানো!
প্রয়োজন নেই, কবিতার স্নিগ্ধতা—
কবিতা তোমার দিলাম আজকে ছুটি,
ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়;
পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো রুটি।
১১. (ক) শিক্ষা সফর প্রসঙ্গে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০
অথবা, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে সততা বিষয়ে একটি ক্ষুদে গল্প রচনা কর।
আগামীকাল পদার্থ বিজ্ঞান পরীক্ষা, কিন্তু প্রস্তুতি অত্যন্ত খারাপ।
১২. যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর: ২০
(ক) আধুনিক জীবনে তথ্যপ্রযুক্তির প্রভাব;
(খ) বাংলাদেশের পোশাক শিল্প;
(গ) জাতি গঠনে ছাত্রসমাজের ভূমিকা;
(ঘ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার;
(ঙ) মুক্তিযুদ্ধের চেতনা।